JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রবার্টো ক্লিমেন্টে স্টেট পার্ক ও সরোবর রূপান্তরকরণের জন্য প্রায় 100 মিলিয়ন ডলার অর্থ বরাদ্দের কথা ঘোষণা করেছে

সেইসাথে সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (Summer Youth Employment Program)

নতুনভাবে ডিজাইন করা সরোবর সম্পূর্ণকরণ, আপার প্লাজার সংস্কার এবং নিউ ইয়র্ক সিটির প্রথম স্টেট পার্কের নতুন অ্যাথলেটিক ফিল্ডস ক্যাপ এর ব্যাপক সংস্কারের কাজ যা হেরলেম নদী বরাবর প্লবতা বৃদ্ধি করবে এবং বন্যা প্রতিরোধে সহায়তা করবে,

তার জন্য 44 মিলিয়ন ডলার অর্থ বরাদ্দের কথাও ঘোষণা করেছেন

রূপান্তরকরণের ছবিগুলি এখানে দেখুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কের পুনরায় ডিজাইন করা সরোবর এবং নতুনভাবে নির্মিত বেসবল খেলার মাঠের উদ্বোধনের কথা ঘোষণা করেছেন, পার্কটিকে আরও প্রাণবন্ত, আমন্ত্রণমূলক এবং যুব কর্মসূচি বৃদ্ধি করতে 2011 সাল থেকে 50-বছরের পুরানো পরিকাঠামোর উন্নতি বিধান করতে প্রায় 100 মিলিয়ন ডলার অর্থ বরাদ্দ করা হয়েছে। উপরন্তু, নিম্ন-আয়ের পরিবারের যুবকদের মূল্যবান প্রশিক্ষণ প্রদান করতে এই বছরের নিউ ইয়র্ক স্টেটের সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রামকে সহায়তা করার জন্য 44 মিলিয়ন ডলার অর্থ বরাদ্দের কথা ঘোষণা করেছেন।

"এটা শুধু একটি পার্ক নয়, এটি নতুন ব্রঙ্কসের প্রতীক। অনেক বছর ধরে অগ্রগতি ঘটেছে কিন্তু ব্রঙ্কস পিছনে পড়ে আছে। আর নয়", **গভর্নর কুওমো বলেন।** "দেখুন আজকাল অনেক বেশি মানুষ ব্রঙ্কসে চলে আসছে এবং আমরা ক্ষমতায় আসার পর থেকে এই স্টেটের সংস্কার করা হয়েছে এবং আজকের ব্রঙ্কস সর্বোত্তম বিনোদনমূলক নৈসর্গিক স্থান হয়ে উঠেছে। কোনো পার্কের জন্য করা এটা আমাদের বৃহত্তম বিনিয়োগ, এবং এই বিনিয়োগ এই পার্ককে একটি অত্যাধুনিক স্থান করে তুলেছে যা নতুন ব্রঙ্কসের প্রাপ্য। এবং এটি হল অভাবনীয় অ্যাথলিট এবং একটি বেসবল খেলার মাঠ এবং মানবতার প্রতি একটি শ্রদ্ধার্ঘ।"

"রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক – নিউ ইয়র্ক সিটির প্রথম পার্কে আমাদের করা উন্নতিসাধান – প্রাণবন্ততা বৃদ্ধি করবে এবং আগামী প্রজন্মের জন্য দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নত করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নতুন সুযোগ সুবিধা এবং বান্ধব পরিকাঠামোর

বৈশিষ্ট্যগুলি যুগের পর যুগ ধরে অবহেলিত ব্রঙ্কসকে সংরক্ষণ করতে সহায়তা করবে এবং ব্রঙ্কসের একটি উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করবে। এই পার্কের আমাদের করা নতুন রুপান্তর শুধুমাত্র নতুন গাছ, মাঠ, এবং রাস্তা নয় - এখানকার আবাসিক এবং দর্শনার্থী উভয়ের জীবনযাত্রার মান উন্নত করতে একটি দৃঢ় পদক্ষেপ। উপরন্তু, তরুণদের কর্মসংস্থানে সহায়তা করার জন্য অর্থ সরবরাহ তরুণ প্রজন্মের একটি সফল ভবিষ্যতের জন্য দক্ষতা গড়ে তুলতেও সহায়তা করবে।"

এই বসন্তে, নিউ ইয়র্ক স্টেট পার্কগুলি সম্পূর্ন হয়ে যাবে এবং পার্কের রুপান্তরের তিনটি প্রধান উপকরণের উদ্বোধন করবে। প্রকল্পগুলি ব্রঙ্কস পার্কের 1.3 মিলিয়ন দর্শনার্থীদের জন্য একটি নবশক্তি সঞ্চার করার কাঠামো তৈরি করবে, তরুণদের কর্মসূচির জন্য সুযোগগুলি সম্প্রসারিত করবে, হারলেম নদীর বন্যা থেকে রক্ষা করতে পার্ক এবং সন্নিহিত অঞ্চলগুলিকে আরও প্রাণবন্ত করে তুলবে, এর মধ্যে রয়েছে:

- একটি আরও অভ্যর্থনামূলক পার্ক পরিবেশ প্রদান করতে সরোবরের রিডিজাইনের জন্য প্রায় 46 মিলিয়ন ডলার অর্থ বরাদ্দ সেইসাথে বন্যা প্রতিহত, ঝড় থেকে পরিত্রান পাওয়া এবং পরিবেশবান্ধব পরিকাঠামো। সুপারস্টর্ম স্যান্ডির ফলস্বরুপ যে ভয়াবহ ক্ষয়ক্ষতি আবিষ্কৃত হয়েছে তা পরিপূরণ করতে 2,200-ফুট-দীর্ঘ স্টিল বাল্কহেড এবং এসপ্ল্যানেড একটি আরও স্থিতিস্থাপক ডিজাইন দিয়ে প্রতিস্থাপিত করা হয়েছে। নতুন করে গঠিত এসপ্ল্যানেড এবং লোওয়ার প্লাজাতে পথচারী/বাইসাইকেল এর ভাগ করে নেওয়া একটি পথ চলার রাস্তা থাকবে, উপর থেকে নদী দেখার জায়গা, নতুন নৌকা ছাড়ার স্থান, নতুন পারফরমেন্স অঞ্চল, নতুন আবাদ এবং খাড়ি অঞ্চলে 9,000-বর্গ-ফুটের একটি প্রাকৃতিক দৃশ্যের অঞ্চল থাকবে। এই খাড়ি অঞ্চল গাছপালা এবং জীবজন্তুর জন্য স্বাভাবিক বাসস্থান প্রদান করবে, প্রবল বৃষ্টিপাত শোষণ করবে, এবং পরিবেশগত শিক্ষার জন্য নতুন সুযোগ তৈরি করবে। নদীর দৃশ্য উন্মুক্ত করতে উত্তরাঞ্চলের তটরেখার উন্নতিবিধান একটি প্রকৃতিগতভাবে বাঁধ দেওয়া ব্যাকওয়াটার এবং নতুন বেড়াকে অন্তর্ভুক্ত করবে।

- পার্কের আপার প্লাজা প্রবেশপথের একটি 7 মিলিয়ন ডলার সংস্কার, যার মধ্যে রয়েছে: এর কাঠামোগত স্টিলের সাপোর্ট এবং ডেকিংয়ের প্রতিস্থাপন; নিচের লেভেলে যাওয়ার ভেঙে পড়া সিড়িটির পুনঃনির্মাণ; পার্কের দৃশ্যপট উন্মুক্তকরণ; ভূদৃশ্যের উন্নতি সাধন; এবং রবার্টো ক্লেমেন্টের ব্রোঞ্জ নির্মিত পূর্ণাঙ্গ মূর্তিটি প্রবেশদ্বারে একটি লক্ষণীয় স্থানে নিয়ে আসা।

- দুটি সিন্থেটিক টার্ফ বেসবল খেলার মাঠ – একটি বিবিধ ব্যবহারের মাঠ এবং T-Ball (টি-বল) মাঠ ইনস্টল – সেইসাথে পার্কের প্রাকৃতিক টার্ফ ফিল্ডের একটি সংস্কার করতে 4.6 মিলিয়ন ডলার। এই বসন্তে সম্পূর্ণ হওয়া, নতুন সিন্থেটিক মাঠগুলি, MLB-MLBPA ইয়ুথ ডেভলপমেন্ট ফাউন্ডেশন (MLB-MLBPA Youth Development Foundation) (মেজর লীগ বেসবল এবং মেজর লীগ বেসবল প্লেয়ার্স অ্যাসোসিয়েশন এর একটি যৌথ উদ্যোগ) এবং DREAM সেইসাথে অন্যান্য যুব অ্যাথলেটিক কর্মসূচির সাথে তার অংশীদারীত্বের মাধ্যমে বছরে 1,500 যুবকের মধ্যে

যুব বেসবল এবং সফটবল প্রোগ্রামিং সম্প্রসারিত করতে পার্কটিকে অনুমোদিত করবে। নতুন মাঠগুলি এবং সংশ্লিষ্ট প্রোগ্রামিং হবে MLA ইয়ুথ অ্যাকাডেমির (MLB Youth Academy) নেটওয়ার্কের অংশ, যাতে মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন অংশের (কম্পটন, ক্যালিফোর্নিয়া; হাউসটন, টেক্সাস; নিউ অর্ল্যান্স, লস এঞ্জেলস; সিনিসিনাটি, ওহিও; ওয়াশিংটন, ডিস্ট্রিক্ট অফ কলোম্বিয়া; ফিলাডেলফিয়া, পেনসিলভেনিয়া; ডালাস, টেক্সাস; কানসাস সিটি, মিসৌরি; গুরাবো, পুয়ের্তো রিকো) সুযোগ সুবিধাগুলিও থাকবে।

প্রকল্পগুলি একটি কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক অনুদান – মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন এবং নগরোন্নয়ন বিভাগের (U.S. Department of Housing and Urban Development) থেকে বিপর্যয় পুনরুদ্ধার পুরস্কার (Disaster Recovery award), গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্ক 2020 (NY Parks 2020) প্রকল্প, এবং ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ জুনিয়র, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য ভেনিসা গিবসন, স্টেট সেনেটর জোস সেরানো এবং অ্যা সেমব্লী সদস্য লাটোয়া জয়নার এর অনুদানের মাধ্যমে অর্থপ্রাপ্ত। মেজর লীগ বেসবল, দি মেজর লীগ বেসবল প্লেয়ারস অ্যাসোসিয়েশন, এবং আলেক্স রডরিগেজ নতুন অ্যাথলেটিক মাঠটির জন্য অতিরিক্ত অর্থ প্রদান করেছেন।

পার্কটির উন্নতি বিধান স্টেটের পার্কগুলির পুনরুজ্জীবনের জন্য গভর্নর কুওমোর দায়বদ্ধতাকে প্রতিফলিত করে। গভর্নর, পার্কের সম্পূর্ণ হওয়া প্রকল্পগুলিতে প্রায় 100 মিলিয়ন ডলার ব্যয় করেছেন – পার্কের পুল এবং সন্তরণ কেন্দ্রের সংস্কার এবং একটি 4.5 মিলিয়ন ডেস্টিনেশন খেলার মাঠ তৈরি করতে সাম্প্রতিক 30 মিলিয়ন ডলার সহ – স্টেট পার্ক সিস্টেমে বৃহত্তম বিনিয়োগ। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 কর্মসূচিটি পার্কের উন্নয়নে বিনিয়োগ করার একটি বহু-বার্ষিক অঙ্গীকারবদ্ধতা। 2019-20 সালের স্টেট বাজেট এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে।

সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট

গভর্নর কুওমো এটিও ঘোষণা করেছেন যে স্টেটের সাময়িক এবং প্রতিবন্ধী সহায়তা কার্যালয় (Office of Temporary and Disability Assistance, OTDA) দ্বারা পরিচালিত নিউ ইয়র্ক স্টেটের সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রামকে (Summer Youth Employment Program) সহায়তা করতে স্টেট 44 মিলিয়ন ডলার অর্থ সাহায্য করবে। কর্মসূচিটি নিম্ন-আয়ের পরিবারবর্গের থেকে তরুণদের কাজের বাজারের সাথে পরিচয় ঘটাবে যাতে তারা প্রয়োজনীয় দক্ষতা গড়ে তুলতে পারে যা তাদের স্কুল পারফরমেন্স উন্নত করতে এবং দায়িত্ববান মানুষ হয়ে উঠতে সহায়তা করবে। কর্মসূচিটির জন্য স্টেটের অর্থ সাহায্য যোগ্য তরুণকে মজুরি প্রদানের ক্ষেত্রে ভর্তুকি দিতে এবং শিক্ষা এবং প্রশিক্ষণের কার্যকলাপগুলিকে সমর্থন করতে ব্যবহৃত হবে। উপরন্তু, অর্থায়নটি কাউন্সেলিং এবং কর্মক্ষেত্রে যাতায়াত এবং কাজের প্রশিক্ষণের মতো কর্মসংস্থান-সংক্রান্ত পরিষেবাগুলির জন্য ব্যবহৃত হবে। ন্যূনতম মজুরির একটি বৃদ্ধি সফল করতে এবং সম সংখ্যক তরুণের কর্মসংস্থান সুনিশ্চিত করতে, এই বছরের স্টেট বাজেট কর্মসূচিতে অর্থ সাহায্য 4 মিলিয়ন ডলারেরও বেশি বৃদ্ধি করেছে।

অংশগ্রহণকারীরা, পার্ক, নার্সিং হোম, সামার ক্যাম্প, শিশু সহায়তা সংস্থা, প্রবীন নাগরিক কেন্দ্র এবং কমিউনিটির বিনোদন কেন্দ্রের মতো জায়গাগুলিতে প্রারম্ভিক-স্তরে অন্যান্যদের মধ্যে কাজ করেন। কর্মসূচিটি যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 200 শতাংশের কম আয়যুক্ত, বা তিন সদস্যের একটি পরিবারের জন্য 41,560 ডলারের কম আয়যুক্ত পরিবারগুলি থেকে 14 এবং 20 বছরের মধ্যের তরুণদের জন্য উন্মুক্ত। এই কর্মসূচিতে নথিভুক্ত তরুণেরা কমপক্ষে নিউ ইয়র্কের ন্যূনতম মজুরি পায়, যা এই বছরে নিউ ইয়র্কে ঘন্টায় 15 ডলার; নাসাউ, সাফক এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে ঘন্টায় 12 ডলার; এবং স্টেটের বাকি অংশগুলিতে ঘন্টায় 11.10 ডলার বৃদ্ধি পেয়েছে।

OTDA সমগ্র স্টেটের কাউন্টি সামাজিক পরিষেবা বিভাগগুলিকে সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য অর্থ সাহায্য করে। কর্মসূচিটিতে অংশগ্রহণ করতে আগ্রহী তরুণদের, তাদের কাউন্টি সামাজিক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে: http://otda.ny.gov/workingfamilies/dss.asp

গত বছর, নিম্ন-আয়ের পরিবারগুলি থেকে প্রায় 19,000 তরুণ এই কর্মসূচির মাধ্যমে চাকরি পেয়েছিল। তরুণদের কাজের সাথে সংযুক্ত করতে সহায়তা করার জন্য OTDA 57টি কাউন্টির সবকটিতে এবং নিউ ইয়র্ক সিটিতে 40 মিলিয়ন ডলারেরও বেশি বন্টন করেছে। কর্মসূচিটি 2011 সাল থেকে 273 মিলিয়ন ডলারের বেশি অর্থ সাহায্য করেছে এবং তরুণদের জন্য প্রায় 159,000 কর্মসংস্থান প্রদান করেছে।

2019 সালের জন্য কাউন্টি অনুযায়ী অর্থ সাহায্যের একটি তালিকা পাওয়া যাবে এখানে।

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "রোবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কের রূপান্তরকে একটি বাস্তবতায় পরিণত করতে এত অংশীদারদের একসাথে কাজ করতে দেখা সত্যিই আনন্দদায়ক। অন্তিম ফলাফলটি রোমাঞ্চকর। গভর্নরের দূরদর্শিতা এবং নিউ ইয়র্কের মানুষদের জন্য নির্ভয়ে কাজ করা এবং ভালো ফলাফল করার জন্য তার আদেশ ছাড়া এটি সম্ভবপর হত না।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি এসিস্টেন্স কমিশনার মাইক হেইন (Mike Hein) বলেন, "গঠনমূলক কাজের বাজারের অভিজ্ঞতাসমূহ নিম্ন আয়ের পরিবারগুলির থেকে আসা তরুণদের খুবই উপকারে লাগতে পারে, যেহেতু তাদের মধ্যে অনেকে প্রায়শই ওয়ার্কফোর্স বা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে একটি প্রতিদ্বন্দ্বীতাপূর্ণ রূপান্তরের সন্মুখীন হয়। তরুণদের কাজের অভিজ্ঞতা অর্জন করার এবং তাদের ভবিষ্যত গঠনে সেগুলি কাজে লাগানোর জন্য দি সামার ইয়ুথ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম একটি গুরুত্বপূর্ণ সংস্থান।"

গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারির (Governor's Office of Storm Recovery, GOSR) সাধারণ কাউন্সিল ও চীফ এক্সটার্নাল অ্যাফেয়ার্স এর অফিসার এমিলি থম্পসন বলেন, "রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কে এই অভাবনীয় বিনিয়োগের মাধ্যমে, আমরা এটি নিশ্চিত করতে পদক্ষেপ নিয়েছি যে এই অত্যন্ত প্রিয় সার্বজনীন স্থানটিকে স্যান্ডি পরবর্তী বিশ্বে মরিস হাইটস কমিউনিটির কাছে উপলভ্য এবং অভিগম্য। একের পর এক, এই ধরণের প্রকল্পগুলি নিউ ইয়র্ককে একটি আরও উন্নত,

শক্তিশালী স্টেটে রূপান্তরিত করছে। গভর্নমেন্ট অফিস অফ স্ট্রম রিকভারি (GOSR) পার্কটিকে আরও ভালো ভাবে সুরক্ষিত করবে এইরকম উন্নতিবিধানগুলিকে কার্যকর করেছে যা ব্রঙ্কস এবং অন্যান্য অঞ্চলের দর্শনার্থীদের স্বাগত জানাবে এবং উত্সাহিত করবে।"

"পার্কগুলি কমিউনিটির একটি অত্যন্ত মূল্যবান সম্পদ এবং সন্তানের ভবিষ্যত গঠনের বছরগুলিতে একটি মুখ্য ভূমিকা পালন করতে পারে, বিশেষ করে যদি সেগুলি অ্যাথলেটিকের সুযোগ সুবিধার প্রস্তাব করে যেটিতে কিছু পরিবার অন্য কোনোভাবে অ্যাক্সেস করতে পারত না। রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কে একটি বিনিয়োগ হল আমাদের সন্তানদের ভবিষ্যতের জন্য একটি বিনিয়োগ এবং সেইসাথে বেসবল এর প্রবাদ পুরুষ রবার্টো ক্লেমেন্টের উত্তরাধিকারে শ্রদ্ধাজ্ঞাপন অব্যাহত রাখা। আমাদের সন্তানদের মঙ্গলের বিনিয়োগ করাকে বেছে নেওয়ার জন্য আমি গভর্নর কুওমোকে আরও একবার ধন্যবাদ জানাই," **প্রতিনিধি জোসে সেরানো বলেছেন।**

"আমরা রবার্টো ক্লেমেন্টের খেলার মাঠের অর্জিত কৃতিত্ব এবং নিকারাগুয়ার মানুষদের জন্য তার সাহয্যের কথা কখনও ভুলবো না", **প্রতিনিধি আড্রিয়ানো এসপিলিয়ট বলেছেন।** "যে সমস্ত বাচ্চারা বেসবল খেলার মাঠটিতে খেলে এবং পেশাদার অ্যাথলিট হিসাবে রবার্টো ক্লেমেন্টের পদাঙ্ক অনুসরণ করতে অনুপ্রাণিত করা সহ, দি রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক, আমাদের কমিউনিটির জন্য একটি অসামান্য সম্পদ। এই পার্কটির একটি উজ্জ্বল ভবিষ্যত সুনিশ্চিত করার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই। এর ফলে আগামী প্রজন্ম এই পার্কটির প্রস্তাবিত সবকিছু উপভোগ করতে সক্ষম হবে।"

সিনেটর জোসে সেরানো বলেন, "এই অসাধারণ রূপান্তর এবং অত্যন্ত প্রয়োজনীয় পরিকাঠামোর উন্নয়ন নিশ্চিত করবে যে ব্রঙ্কসের বাসিন্দারা আগামী বছরগুলিতে রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক উপভোগ করা অব্যাহত রাখতে পারবেন। আমাদের স্টেট পার্কগুলি অতুলনীয় বিনোদনমূলক এবং শিক্ষামূলক সুযোগ প্রদান করে, এবং এই সংস্কারগুলি দর্শকদের অভিজ্ঞতা উন্নত করবে এবং সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ থেকে এটিকে রক্ষা করার সাথে সাথে পার্কটিকে আরও অভ্যর্থনামূলক করে তুলবে। স্টেট পার্কগুলির উন্নতি বিধান এবং ব্রঙ্কসের মানুষদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য গভর্নর কুওমোর নেতৃত্ব এবং অঙ্গীকারবদ্ধতার আমি প্রশংসা করি।"

অ্যাসেমব্লী সদস্য কার্মেন ডি লা রোসা বলেছেন, "স্টেটের পার্কগুলির সংস্কারে অর্থ বিনিয়োগ করার জন্য আমি গভর্নর কুওমো এবং যে সমস্ত অংশীদারগণ এই প্রকল্পে অর্থ সাহায্য করেছেন তাদেরকে ধন্যবাদ জানাই। রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক শুধুমাত্র ব্রঙ্কসের জন্যই নয় সেইসাথে উত্তর ম্যানহাটনের আশেপাশের কমিউনিটিগুলির জন্যেও যেগুলি বিনোদন এবং এর প্রস্তাবিত বহু বিকল্প থেকে আর একটু দূরে। আমাদের তরুণদের নিরাপদ ও সুস্থ বিকাশের জন্য পার্কগুলি অপরিহার্য্য বিশেষ করে গ্রীষ্মের মাসগুলিতে যখন তাদের স্কুল ছুটি থাকে এবং তাদের বাস্তব জগতের সাথে মানানসই কাজগুলির ক্ষেত্রে কর্মদক্ষতা বাড়িয়ে চাকরির সুযোগ বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলি প্রয়োজন হয়। নিম্ন-আয়ের পরিবারগুলিকে একটি অতিরিক্ত আয়ের বন্দোবস্ত করার মাধ্যমে তরুণদের সহায়তা করা খুবই ন্যায্য কাজ। আমরা আমাদের প্রচেষ্টাগুলিতে পরিবারগুলির কথা সবার আগে ভাবা অব্যাহত রেখেছি এবং গ্রীষ্মের ঠিক আগে এই পার্কটিকে একটি নিরাপদ সরোবর, আরও উন্নত করা নতুন বেসবল খেলার মাঠ, এবং অত্যাধুনিক সম্পূর্ণ সংস্কার করা প্রবেশপথ মরিস

হাইটস এর অধিবাসী এবং পার্শ্ববর্তী অঞ্চলের দর্শকদের খুশি করেছে যারা একটি নিরাপদ, বিনোদনমূলক, এবং আনন্দময় গ্রীষ্মের জন্য অপেক্ষা করছেন।"

"আমার কমিউনিটির সমস্ত পরিবার রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কে এই অভাবনীয় বিনিয়োগের থেকে উপকৃত হচ্ছেন", **অ্যাসেম্বলি সদস্য লাটোয়া জয়নার বলেন।** "এই 100 মিলিয়ন ডলারের অর্থ সাহায্য পুল এবং সন্তরণের জলাশগুলির সম্পূর্ণ সংস্কার, হাডসন নদীর দৃশ্যপট সৌন্দর্য্যকরণ, জলপথগুলিতে অ্যাক্সেস সম্প্রসারণ এবং পরিবেশগত প্রতিদ্বন্দ্বীতাগুলির মোকাবিলায় ব্রঙ্কসের স্থিতিস্থাপকতা মজবুত করাকে অন্তর্ভুক্ত করেছে। রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কে গভর্নর কুওমোর অঙ্গীকারবদ্ধতার আমি প্রশংসা করি এবং আমাদের কমিউনিটিতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলির জন্য তাকে ধন্যবাদ জানাই।"

"এই অর্থ সাহায্যের জন্য গভর্নরের প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। এই অর্থ শুধু রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্কটিকে রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণই করবে না, সেইসাথে আরও বিনোদনমূলক কার্যকলাপের সুযোগ দেবে যা থেকে সমস্ত নিউ ইয়র্কবাসী সুবিধা পাবেন", **অ্যাসেমব্লী সদস্য ভিক্টর এম. পিকার্ডো বলেছেন।** "নিউ ইয়র্ক স্টেট সামার ইয়ুথ কর্মসূচিতে অর্থ বরাদ্দ বাড়ানোর জন্য আমিও গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই, এই কর্মসূচি নিম্ন আয়ের পরিবারগুলি থেকে আসা তরুণদের কর্মসংস্থানের সুযোগ প্রদান করবে।"

ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ, জুনিয়র বলেন, "নতুনভাবে রূপান্তরিত রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক আমাদের কমিউনিটির জন্য একটি অপূর্ব উপহার, এবং এটির সংস্কারের জন্য আমার নিজের মূলধনী বাজেট থেকে 2.5 মিলিয়ন ডলার বরাদ্দ করতে পেরে আমি গর্বিত। গভর্নর কুওমোর কঠোর পরিশ্রমের জন্য তাকে ধন্যবাদ, ব্রঙ্কসে আমাদের একটি নতুন এবং উন্নত স্থান আছে যেখানে শিশুরা এবং তাদের পরিবারবর্গ খেলাধূলার জন্য এবং একটি সুন্দর পরিবেশে একসাথে মূল্যবান সময় কাটাবার জন্য আসতে পারবে। আমিও গ্রীষ্মের জন্য এবং সামার ইয়ুথ প্রোগ্রামের জন্য অধীর ভাবে প্রতীক্ষা করছি, যে প্রোগ্রামে গভর্নর আমাদের সন্তানদের গ্রীষ্মকালীন কর্মসংস্থান প্রদানের জন্য অর্থ সাহায্যের পরিমাণ আরও বৃদ্ধি করছেন।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য ভেনেসা গিবসন বলেন, "গভর্নর কুওমো সবসময়ের জন্যই ব্রঙ্কসের একজন দারুণ বন্ধু। নতুনভাবে সজ্জিত রবার্টো ক্লেমেন্টে স্টেট পার্ক শুধু সুন্দরই নয়, এটি একটি কমিউনিটি স্পেস। রবার্টো ক্লেমেন্টের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন স্বরূপ, নতুন বেসবল খেলার মাঠগুলি ব্রঙ্কসের প্রতিটি বাচ্চাকে দলবদ্ধভাবে কাজ করা এবং অধ্যবসায় সম্পর্কে মূল্যবান শিক্ষার একটি সুযোগ প্রদান করবে বেসবল যা শেখায়। সামার ইয়ুথ প্রোগ্রামে বর্ধিত অর্থ সাহায্য, প্রত্যেক বাচ্চার একটি সামার জব পাওয়ার সম্ভাবনাকেও সুনিশ্চিত করবে। ব্রঙ্কসের বাচ্চা এবং পরিবারগুলির জন্য গভর্নরের এই অঙ্গীকারবদ্ধতা এবং বিনিয়োগ যা আগামী প্রজন্মের জন্যও কার্যকর থাকবে এবং সেই জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

ব্রঙ্কসের তরুণদের জন্য সুযোগ বৃদ্ধি করতে 19 মিলিয়ন ডলারের সুদূরপ্রসারী বিনিয়োগের একটি অংশ হিসাবে, গভর্নর কুওমো তরুণদের জন্য কর্মসূচি তৈরি এবং সুযোগ সুবিধাগুলি পেতে সহায়তা করার জন্য ভবিষ্যত উন্নয়নেও 4 মিলিয়ন ডলার অর্থ সাহায্যের কথা ঘোষণা করেছেন।

কার্যকলাপ, নতুনভাবে তৈরি হওয়া স্থানীয় বাস্কেটবল লীগ এর জন্য বিদ্যমান ভাঙা জিমনাশিয়ামকে একটি পরিমার্জিত বাস্কেটবল কোর্ট সহ ফিল্ডহাউসে সংস্কার করা, ওজন, শক্তি এবং ফিটনেসের জন্য প্রয়োজনীয় উপকরণ দ্বারা সজ্জিত নতুন ফিটনেস সেন্টার, শিক্ষা প্রদান, দাবা খেলা এবং ফিটনেস, অতিরিক্ত বেসবল/সফটবল ফিল্ডের উন্নয়নের জন্য বিবিধ-উদ্দেশ্যের ক্লাসরুম, এবং একটি নতুন খেলার মাঠকে অন্তর্ভুক্ত করবে।

রবার্টো ক্লেমেন্টে পার্ক হল হারলেম নদী বরাবর অবস্থিত একটি 25-একরের ওয়াটারফ্রন্ট পার্ক যা বছরে 1 মিলিয়নেরও বেশি দর্শকদের আকর্ষণ করে। পার্কটি সারা বছর ধরে তরুণ, প্রাপ্ত বয়স্ক, প্রবীণ নাগরিক এবং প্রতিবন্ধী মানুষদের জন্য বিভিন্ন ধরণের বিনোদনমূলক এবং সাংস্কৃতিক কার্যকলাপের আয়োজন করে। সুযোগ সুবিধাগুলির মধ্যে অন্তর্ভুক্ত একটি অলিম্পিক-আকারের পুল কমপ্লেক্স, বেসবল খেলার মাঠ, বাস্কেটবল কোর্ট, পিকনিকের জায়গা, খেলার মাঠ এবং একটি জলপথে ভ্রমণের জায়গা।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন